

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
পার্সোনেল-১  
www.dgfp.gov.bd



নম্বর ৫৯.১১.০০০০.১৫২.৯৯.০০২.২১.৩

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৮  
২৯ এপ্রিল ২০২১

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের কিছু অফিস ও কেন্দ্রের নাম আংশিক বিকৃত করে অধিদপ্তরের ব্যবহৃত সরকারি পদবি উল্লেখ করে বিভিন্ন অনলাইন পোর্টালে এবং কিছু চাকরির পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। এসব বিজ্ঞপ্তিতে ইমেইলে আবেদনের জন্য বলা হচ্ছে এবং বিজ্ঞপ্তির আলোকে আবেদন করা হলে প্রশিক্ষণ বাবদ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অর্থ দাবী করা হচ্ছে।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল নিয়োগ বিজ্ঞপ্তি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে এবং জেলা পর্যায়ের ক্ষেত্রে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং আবেদনসমূহ টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমে অনলাইনে গ্রহণ করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক কোন আবেদনকারীকে সরকার নির্ধারিত আবেদন ফি টেলিটক বাংলাদেশ লিমিটেডের মাধ্যমেই জমা নেওয়া হয়। অন্য কোন মাধ্যমে তথা মোবাইল ব্যাংকিং বা Flexiload ইত্যাদি মাধ্যমে কখনই পরীক্ষার ফি গ্রহণ করা হয় না।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল প্রকার নিয়োগের কার্যক্রম সরকারি বিধি মোতাবেক লিখিত, মৌখিক, ব্যবহারিক (প্রয়োজন হলে) পরীক্ষা গ্রহণ শেষে চূড়ান্ত নিয়োগপত্র দেওয়া হয়।

চাকরী প্রার্থীরা যাতে প্রতারণিত না হন তার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৯-৪-২০২১

মোঃ হেমায়েৎ হসেন

অতিরিক্ত সচিব ও পরিচালক (প্রশাসন)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ২) পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৩) পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল বিভাগ)।
- ৪) পরিচালক, আজিমপুর/মিরপুর/মোহাম্মদপুর, ঢাকা।
- ৫) অতিরিক্ত পরিচালক (ডাগস এন্ড স্টোরস), অতিরিক্ত পরিচালক (ডাগস এন্ড স্টোরস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৬) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (জনগুরুত্ব বিবেচনায় সকল ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রে পৃষ্ঠাঙ্কনের অনুরোধসহ)।
- ৮) অধ্যক্ষ, এফডব্লিউভিটিআই, ঢাকা।
- ৯) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), (সকল উপজেলা)।
- ১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।